



# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

"কৃষি ভবন"

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

(ক্ষুদ্রসেচ উইং)

স্মারক নং- ১২.২৫১.০৩২.০২.০০.৮৭৬.২০১৩/ ৪০৩

তারিখ- ০৫/১১/২০১৫ খ্রিঃ

## পরিপত্র

উদ্দেশ্যের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, ক্ষুদ্রসেচ উইংয়াধীন মাঠ পর্যায়ের অফিসসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে সময়মত কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করার এবং উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কর্মস্থল ত্যাগ না করার জন্য বিভিন্ন সময়ে নির্দেশনা দেওয়া সত্ত্বেও মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ তা যথাযথভাবে অনুসরণ করছেন না। উদ্বিগ্নতন কর্তৃপক্ষ কর্তৃক মাঠ পর্যায়ের অফিস ও কার্যক্রম পরিদর্শনে গেলে অনেককে কর্মস্থলে উপস্থিত পাওয়া যায় না এমনকি টেলিফোনে যোগাযোগ করেও তাদের পাওয়া যায় না, যা চাকুরী বিধির পরিপন্থী।

এমতাবস্থায়, মাঠ পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগণকে যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিতকরণপূর্বক স্ব-স্ব দায়িত্ব পালনে সচেষ্ট থাকা এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী/কর্মসূচি পরিচালক এবং সহকারী প্রকৌশলীগণকে সার্বক্ষণিক দায়িত্ব পালন করার জন্য অনুরোধ জানানো হলো। সেই সাথে উপর্যুক্ত কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিত কোন কর্মকর্তা/কর্মচারীকে ছুটির দিনেও কর্মস্থল ত্যাগ না করতে অনুরোধ করা হলো। সংস্থার কাজে এবং জরুরী প্রয়োজনে কোন কর্মকর্তার সদর দপ্তর বা অধিক্ষেত্রের বাইরে যাওয়ার প্রয়োজন হলে সে ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে এবং পরবর্তীতে লিখিতভাবে তা নিয়মিত করতে হবে। সার্বিক বিষয়ে কোন প্রকার গাফিলতি ও ব্যর্থতা পরিলক্ষিত হলে দায়ী কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে সংস্থার চাকুরী প্রবিধানমালা অনুযায়ী শৃংখলামূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

(ড.মোঃ সাইদুর রহমান সেলিম)

সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ)

বিএডিসি, ঢাকা।

স্মারক নং- ১২.২৫১.০৩২.০২.০০.৮৭৬.২০১৩/ ৪০৩ (২০২)

তারিখ- ০৫/১১/২০১৫ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। প্রধান প্রকৌশলী(ক্ষুদ্রসেচ/সওকা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
- ✓ ২। প্রধান (আইসিটি সেল), বিএডিসি, ঢাকা।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী(ক্ষুদ্রসেচ)পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল, সেচ ভবন, বিএডিসি, ঢাকা।
- ✗ ৪। উপ-প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
- ৫। উপ-প্রধান প্রকৌশলী (জঃ ও অঃ) বিভাগ, বিএডিসি, ঢাকা।
- ৬। প্রধান, মিশ্র বিভাগ, বিএডিসি, ঢাকা।
- ৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(ক্ষুদ্রসেচ/সওকা), বিএডিসি.....সার্কেল।
- ৮। নির্বাহী প্রকৌশলী(ক্ষুদ্রসেচ/সওকা/নির্মাণ), বিএডিসি.....রিজিয়ন।
- ৯। সহকারী প্রকৌশলী(ক্ষুদ্রসেচ/সওকা/নির্মাণ), বিএডিসি.....জোন।
- ১০। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
- ১১। উপ-নিয়ন্ত্রক (অঃ ও হিঃ) ক্ষুদ্রসেচ বিভাগ, বিএডিসি, ঢাকা।
- ১২। সদস্য-পরিচালক (ক্ষুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
- ১৩। অফিস কপি।

(মোঃ আব্দুস ছালাম)

উপ-ব্যবস্থাপক(প্রশাসন)

ক্ষুদ্রসেচ বিভাগ, বিএডিসি, ঢাকা।